গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd.

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৭.৩৭.০০৪.১৩-

তারিখঃ--------------------

# ভর্তি বিজ্ঞপ্তি

দেশের ১৮-৩৫ বছর বয়সী বেকার যুবক / যুবনারীদের কর্মসংস্থানের নিমিত্ত দক্ষতামূলক প্রশিক্ষণ ও আত্মকর্মী সৃজনের জন্য যুব উন্নয়ন অধিদপ্তর নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির লক্ষ্যে বেকার যুবক ও যুবনারীদের নিকট থেকে বর্ণিত নিয়মাবলী অনুসরণপূর্বক দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| নং | প্রশিক্ষণ কোর্স/ট্রেডের নাম | কোর্স ফি (টাকা) | শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | প্রশিক্ষণ ভাতা (টাকা) | সাক্ষাৎকারের তারিখ |
|---|---|---|---|---|---|
| ০১. | **''পোশাক তৈরি'', মেয়াদ-৩ মাস (০২ জুলাই হতে ৩০ সেপ্টেম্বর, ২০১৭), (অনাবাসিক)।**<br>**৬৪টি কেন্দ্র ঃ (প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-২৫)**<br>ঢাকা-৬টি (গেন্ডারিয়া, গোপীবাগ, খিলগাঁও, সোবহানবাগ, মোহাম্মদপুর ও মিরপুর), গাজীপুর-১টি এবং ৫৭টি জেলা (সিলেট, মৌলভীবাজার, ঝালকাঠি ও কক্সবাজার জেলা ব্যতীত) | ৫০ | অষ্টম শ্রেণি পাশ। | - | ১৯ জুন, ২০১৭<br>স্ব -স্ব জেলা কার্যালয় |
| ০২. | **''ব্লক বাটিক ও স্ক্রিণ প্রিন্টিং'', মেয়াদ-৪ মাস, (০২ জুলাই হতে ৩১ অক্টোবর, ২০১৭) (অনাবাসিক)**<br>**প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-২৫ জন**<br>**০৯টি কেন্দ্রঃ** ঢাকা জেলা-৫টি, রাজশাহী, বরিশাল, চট্টগ্রাম, ফরিদপুর। | ৫০ | অষ্টম শ্রেণী পাশ। | - | ১৯ জুন, ২০১৭<br>স্ব -স্ব জেলা কার্যালয় |
| ০৩. | **''মডার্ন অফিস ম্যানেজমেন্ট এন্ড কম্পিউটার এ্যাপ্লিকেশন'', প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-৩০ জন (অনাবাসিক)। মেয়াদ-৬ মাস (০২ জুলাই হতে ৩১ ডিসেম্বর, ২০১৭)।**<br>**২৫টি জেলায় ৩২ টি কেন্দ্র ঃ (প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-৩০ জন)**<br>ঢাকা-৪টি, চট্টগ্রাম-২টি, খুলনা-২টি রাজশাহী-২টি, বরিশাল-২টি, মুন্সীগঞ্জ, টাংগাইল, ময়মনসিংহ, কিশোরগঞ্জ, ফরিদপুর, পাবনা, বগুড়া, চাঁপাইনবাবগঞ্জ, রংপুর, কুড়িগ্রাম, দিনাজপুর, পিরোজপুর, পটুয়াখালী, সাতক্ষীরা, যশোর, কুষ্টিয়া, নোয়াখালী, কুমিল্লা, সিলেট ও হবিগঞ্জ। | ৫০০ | এইচ,এস,সি বা সমমানের পাশ। | - | ১৯ জুন, ২০১৭<br>স্ব -স্ব জেলা কার্যালয় |
| ০৪. | **''কম্পিউটার বেসিক'' কোর্স , মেয়াদ-৬ মাস (০২ জুলাই হতে ৩১ ডিসেম্বর, ২০১৭) (অনাবাসিক)।**<br>প্রতি কেন্দ্রে আসন সংখ্যা--৬৬/৬৭ জন<br>**৬৪টি জেলা (৭০টি কেন্দ্র) ঃ**<br>ঢাকা-৬টি (কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র-০৩টি, সোহরাওয়ার্দী কলেজ সংলগ্ন-০১টি, সাভার যুব প্রশিক্ষণ কেন্দ্র-০১টি, সবুজমতি ভবন, খিলগাঁও-০১টি), চট্টগ্রাম-২টি(হালিশহর-০১টি ও হাজীক্যাম্প-০১টি), এবং অবশিষ্ট ৬২টি জেলায় ৬২টি কেন্দ্র । | ১০০০ | এইচ, এস, সি বা সমমানের পাশ | - | ২০ জুন, ২০১৭<br>স্ব -স্ব জেলা কার্যালয় |
| ০৫. | **''কম্পিউটার গ্রাফিক্স এন্ড ভিডিও এডিটিং'' কোর্স,**<br>**মেয়াদ-৬ মাস (০২ জুলাই হতে ৩১ ডিসেম্বর, ২০১৭) (অনাবাসিক)**<br>প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-৫০ জন<br>**৬টি বিভাগীয় শহরে ৬টি কেন্দ্র**<br>ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা,সিলেট ও বরিশাল। | ২০০০ | এইচ, এস, সি বা সমমানের পাশ তবে আবেদনকারী- দেরকে কম্পিউটার বেসিক কোর্সের প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে | - | ২০ জুন, ২০১৭<br>স্ব -স্ব জেলা কার্যালয় |
| ০৬. | **''ইলেকট্রিক্যাল এন্ড হাউজওয়্যারিং'',**<br>**মেয়াদ-৬ মাস (০২ জুলাই হতে ৩১ ডিসেম্বর, ২০১৭) (অনাবাসিক)**<br>প্রতি কেন্দ্রে আসন সংখ্যাঃ ৩০<br>**৫৯টি জেলায় ৬০টি প্রশিক্ষণ কেন্দ্র ঃ**<br>(ঢাকা-২টি কেন্দ্র)<br>মাদারীপুর, পিরোজপুর, ঝালকাঠি, কক্সবাজার ও সুনামগঞ্জ জেলা ব্যতীত | ৩০০ | অষ্টম শ্রেণি পাশ। | - | ২০ জুন, ২০১৭<br>স্ব -স্ব জেলা কার্যালয় |
| ০৭. | **''রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং''**<br>**মেয়াদ-৬ মাস (০২ জুলাই হতে ৩১ ডিসেম্বর, ২০১৭) (অনাবাসিক)**<br>**প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-২৫**<br>**৫১টি জেলায় ৫২টি প্রশিক্ষণ কেন্দ্র ঃ**<br>(ঢাকা-২টি কেন্দ্র)<br>(মাদারীপুর, পিরোজপুর, মৌলভীবাজার, চট্টগ্রাম, পটুয়াখালী, ভোলা, ঝালকাঠি, হবিগঞ্জ, সুনামগঞ্জ, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, চাঁদপুর ও বান্দরবান জেলা ব্যতীত) | ৩০০ | অষ্টম শ্রেণি পাশ। | - | ২০ জুন, ২০১৭<br>স্ব -স্ব জেলা কার্যালয় |
| ০৮. | **''ইলেকট্রনিক্স''**<br>**মেয়াদ-৬ মাস (০২ জুলাই হতে ৩১ ডিসেম্বর, ২০১৭) (অনাবাসিক)**<br>প্রতি কেন্দ্রে আসন সংখ্যাঃ ২৫<br>**৬২টি জেলায় ৬৩টি প্রশিক্ষণ কেন্দ্র ঃ**<br>(ঢাকা-২টি)<br>(চট্টগ্রাম ও বরিশাল জেলা ব্যতীত) | ৩০০ | অষ্টম শ্রেণি পাশ। | - | ২০ জুন, ২০১৭<br>স্ব -স্ব জেলা কার্যালয় |

পাতা/২

| নং | প্রশিক্ষণ কোর্স/ট্রেডের নাম | কোর্স ফি (টাকা) | শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | প্রশিক্ষণ ভাতা (টাকা) | সাক্ষাৎকারের তারিখ |
|---|---|---|---|---|---|
| ০৯. | **"গবাদিপশু,হাঁস-মুরগী পালন, প্রাথমিক চিকিৎসা, মৎস্য চাষ ও কৃষি" বিষয়ক প্রশিক্ষণ কোর্স (০২ জুলাই থেকে ২৯ সেপ্টেম্বর, ২০১৭ পর্যন্ত)। (মেয়াদ-০৩ মাস, আবাসিক)**<br>**৫৮টি যুব প্রশিক্ষণ কেন্দ্র ঃ**<br>১টি কেন্দ্রঃ আসন সংখ্যা-১২০<br>সাভার<br>৩১টি কেন্দ্রঃ আসন সংখ্যা-৬০<br>ময়মনসিংহ, সিলেট, রংপুর, ফেনী, যশোর, বগুড়া, বরিশাল, জামালপুর, ফরিদপুর, সিরাজগঞ্জ, ঠাকুরগাঁও, কুমিল্লা, বাগেরহাট, টাঙ্গাইল, কিশোরগঞ্জ, পাবনা, দিনাজপুর, গাইবান্ধা, লালমনিরহাট, নওগাঁ, নাটোর, খুলনা, মাগুরা, নোয়াখালী, চাঁদপুর, বি-বাড়ীয়া, হবিগঞ্জ, ভোলা, চাঁপাইনবাবগঞ্জ, সুনামগঞ্জ ও পটুয়াখালী।<br>২০টি কেন্দ্রঃ আসন সংখ্যা-৪০<br>রাজশাহী, চট্টগ্রাম, ঝালকাঠি, মৌলভীবাজার, নরসিংদী, কুষ্টিয়া, বান্দরবান, গোপালগঞ্জ, নারায়ণগঞ্জ, শরীয়তপুর, মাদারীপুর, শেরপুর, নড়াইল, ঝিনাইদহ, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, পিরোজপুর, মুন্সীগঞ্জ, পঞ্চগড়, ও কক্সবাজার<br>২টি কেন্দ্রঃ আসন সংখ্যা-৩০<br>বরগুনা ও কুড়িগ্রাম<br>০৪টি কেন্দ্রঃ আসন সংখ্যা-১০০<br>জয়পুরহাট, নেত্রকোনা, নীলফামারী ও চুয়াডাঙ্গা। | ১০০ | অষ্টম শ্রেণী পাশ | ক) ১২০০/- প্রতি মাসে উপস্থিতি ভিত্তিতে। খ) ৭০০/- অনাবাসিক এর জন্য (শুধুমাত্র কুড়িগ্রাম ও বরগুনা কেন্দ্রের জন্য প্রযোজ্য)। | ২১ জুন, ২০১৭ স্ব -স্ব উপজেলা কার্যালয় |

**দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত তথ্যাদি ঃ**

ক) বর্ণিত ট্রেডে দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখ ১৫ জুন, ২০১৭ খ্রিঃ এবং প্রশিক্ষণ শুরু ০২ জুলাই, ২০১৭ খ্রিঃ।

খ) বর্ণিত কোর্সে/ট্রেডে ভর্তি হতে ইচ্ছুক বা আগ্রহী প্রার্থীর বয়স অবশ্যই ১৮ থেকে ৩৫ বৎসর এবং বেকার যুবক ও যুবনারী হতে হবে। তবে প্রকৃত মুক্তিযোদ্ধা পরিবারের পোষ্যদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।

গ) যুব সংগঠন কর্তৃক মনোনীত এবং যুবনারী প্রার্থীকে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে।

ঘ) স্বহস্তে লিখিত দরখাস্ত (০১) নাম (বাংলা ও ইংরেজী) (০২) পিতার নাম (বাংলা ও ইংরেজী) (০৩) মাতার নাম (বাংলা ও ইংরেজী) (০৪) জন্ম তারিখ (০৫)বিজ্ঞপ্তি প্রদানের তারিখে বয়স (০৬) জাতীয়তা সনদপত্র (NID) নম্বর (যদি থাকে) অথবা জন্ম সনদপত্র, (০৭) বর্তমান ঠিকানা, (০৮) স্থায়ী ঠিকানা, (০৯) শিক্ষাগত যোগ্যতা (১০) ধর্ম (১১) জেন্ডার/লিঙ্গ, (১২) মোবাইল নম্বর (যদি থাকে) (১৩) বিকল্প যোগাযোগ নম্বর (১৪) ইতঃপূর্বে গৃহীত প্রশিক্ষণ (যদি থাকে) (১৫) যুব সংগঠনের সদস্য হলে সংগঠনের নাম এবং (১৬) ভবিষ্যত পরিকল্পনা/প্রশিক্ষণ গ্রহণের কারণ উল্লেখ করতে হবে।

ঙ) নির্ধারিত আবেদন ফরম যুব উন্নয়ন অধিদপ্তরের www.dyd.gov.bd.ওয়েব সাইটে পাওয়া যাবে অথবা স্ব-স্ব উপজেলার উপপরিচালক/কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর এবং উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় থেকে বিনামূল্যে সংগ্রহ করা যাবে।

চ) দূরবর্তী স্থানে বসবাসরত বেকার যুবদের সুবিধার্থে প্রশিক্ষণ নির্বিশেষে আবেনপত্র ইউনিয়ন ডিজিটাল সেন্টার / উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় / যুব প্রশিক্ষণ কেন্দ্র / জেলা কার্যালয়ে দাখিল করতে পারবে।

ছ) আবেদনপত্রের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতা সনদপত্রের ছায়ালিপি (খ) জাতীয় পরিচয়পত্র () (যদি থাকে) অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান / পৌর কমিশনার কর্তৃক জন্ম নিবন্ধন সনদপত্র, (গ) সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি জমা দিতে হবে। সাক্ষাৎকার ও মনোনয়ন কালে মূল সনদপত্র সমূহ সংগে আনতে হবে।

জ) সাক্ষাতের জন্য নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে নির্ধারিত সময়ে হাজির হতে হবে। এ জন্য কোন প্রকার টি.এ./ডি.এ. দেয়া হবে না।

ঝ) ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

**প্রশিক্ষণের শর্তাবলীঃ**

(ক) ১-৮ নং ক্রমিকে বর্ণিত ট্রেড / কোর্সগুলো অনাবাসিকভাবে (তবে বিনা ভাড়ায় নিজ খরচে যুব প্রশিক্ষণ কেন্দ্রের হোস্টেলে থাকার সুবিধা রয়েছে) পরিচালিত হবে।

(খ) ৯নং ক্রমিকে বর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির সময় ভর্তি ফি ১০০/-(একশত) টাকা (অফেরতযোগ্য) এবং জামানত হিসেবে ১০০/-(একশত) টাকা (ফেরতযোগ্য) কেন্দ্রে জমা দিতে হবে, সমাপনী দিবসে জামানত ফেরত দেয়া হবে। তবে ০৩ পার্বত্য জেলার ক্ষেত্রে (রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি) ভর্তি ফি প্রযোজ্য হবেনা।

(গ) ৯নং ক্রমিকে বর্ণিত প্রশিক্ষণ কোর্সটি সম্পূর্ণ আবাসিক (কুড়িগ্রাম ও বরগুনা কেন্দ্র ব্যতিত ) বিধায় কোর্সে ভর্তিকৃতদের হোস্টেলে অবস্থান বাধ্যতামূলক।

(ঘ) ৯নং ক্রমিকে বর্ণিত প্রশিক্ষণ কোর্সটি আবাসিকভাবে পরিচালিত হবে বিধায় হোস্টেলে অবস্থানকারীদের কেন্দ্রের নিয়মানুসারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে। হোস্টেলে অবস্থান না করলে ভাতার টাকা প্রদান করা হবে না।

(ঙ) ৯নং ক্রমিকে বর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির ক্ষেত্রে যে কেন্দ্রে মহিলা হোস্টেল নেই সে কেন্দ্রে মহিলা প্রশিক্ষণার্থীদেরকে অনাবাসিক হিসেবে প্রশিক্ষণের সুযোগ দেয়া হবে।

(চ) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কেন্দ্রের নিয়ম-শৃঙ্খলা মেনে চলতে হবে।

(ছ) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে যথাসময়ে প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।

(ঝ) প্রশিক্ষণ শেষে আত্মকর্ম / কর্মসংস্থানে নিয়োজিত হতে হবে।

**প্রশিক্ষণ ও ভর্তির জন্য যোগাযোগ ঃ**

* উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, (নিজ জেলা)।
* কো-অর্ডিনেটর/ ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর (নিজ জেলা)।
* উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর (নিজ উপজেলা)।

স্বাঃ/-

(মোঃ এরশাদ-উর-রশীদ)
পরিচালক(প্রশিক্ষণ-অঃ দাঃ)

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৭.৩৭.০০৪.১৩- ৯৪৩

তারিখঃ১১-০৬-২০১৭ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১। পরিচালক/প্রকল্প পরিচালক..................................................(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
৩। মাননীয় উপমন্ত্রী মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাননীয় উপমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৫। যুগ্ম সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্ম সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৬। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর (সকল জেলা) ............................ জেলা। তাঁকে ভর্তির বিজ্ঞপ্তি মোতাবেক কোটা অনুযায়ী প্রশিক্ষণার্থী নির্বাচনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। ভর্তি বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসক, পুলিশ সুপার, জেলা মৎস্য, পশুসম্পদ, সমাজসেবা, মহিলা বিষয়ক মন্ত্রণালয়ের জেলা অফিস, উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়, উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা সমাজসেবা অফিস, সহকারী কমিশনার (ভূমি), উপজেলা মৎস্য, কৃষি, পশুসম্পদ কার্যালয়, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, ইউনিয়ন ভূমি অফিসে প্রেরণ এবং তালিকাভূক্ত যুব সংগঠনসহ সকল সরকারি ও বেসরকারি সংস্থার নোটিশ বোর্ডে টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রয়োজনে স্থানীয়ভাবে সাক্ষাতের তারিখ নির্ধারণ করে বিজ্ঞপ্তি প্রচারের মাধ্যমে নির্ধারিত তারিখে অবশ্যই প্রশিক্ষণ শুরু করতে হবে।
৭। কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, ................................(১০টি কেন্দ্র)।
৮। ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, .......................(৪৪টি কেন্দ্র)।
৯। সহকারী পরিচালক, আইসিটি, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। তাঁকে ভর্তি বিজ্ঞপ্তিটি যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
১১। অফিস কপি।

(চায়না ব্যানার্জী) ১১/৬/১৭
সহকারী পরিচালক(প্রশিক্ষণ)
ফোনঃ ০২-৯৫৬৭৭৭১।